# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৬৫

১/ বিবিধ

আরবী

كلوا التين، فلوقلت: إن فاكهة نزلت من الجنة بلا عجم لقلت: هي التين، وإنه يذهب بالبواسير، وينفع من النقرس
ضعيف

ذكره السيوطي في " الجامع " برواية ابن السني وأبي نعيم والديلمي في " مسند الفردوس " (6 / 47) بدون سند عن أبي ذر، وقال شارحه المناوي: رووه كلهم من حديث يحيى بن أبي كثير عن الثقة عن أبي ذر
قلت: فالإسناد ضعيف لجهالة هذا الذي قيل فيه الثقة! فإن هذا التوثيق غيرمقبول عند علماء الحديث حتى ولوكان الموثق إماما جليلا كالشافعي وأحمد حتى يتبين اسم الموثق، فينظر هل هو ثقة اتفاقا أم فيه خلاف، وعلى الثاني ينظر ما هو الراجح أتوثيقه أم تضعيفه؟ وهذا من دقيق نظر المحدثين رضي الله عنهم وشدة تحريهم في رواية الحديث عنه صلى الله عليه وسلم، ولهذا قال العلامة ابن القيم في " زاد المعاد " (3 / 214) بعد أن ذكر الحديث: وفي ثبوته نظر
قلت: ويغلب على الظن أن هذا الحديث موضوع فإنه ليس عليه نور النبوة، وقد قال الشيخ العجلوني في " الكشف " (1 / 423) : جميع ما ورد في الفاكهة من الأحاديث موضوع، كأنه يعني في فضلها، ثم رأيت الحافظ ابن حجر عزاه في " تخريج أحاديث الكشاف " (4 / 186) لأبي نعيم في الطب والثعلبي من حديث أبي ذر وقال: وفي إسناده من لا يعرف

বাংলা

১৬৫। তোমরা তীন ফল (ডুমুর) খাও। আমি যদি বলি যে, জান্নাত হতে বীচি ছাড়া একটি ফল নাযিল হয়েছে, তাহলে বলবঃ সেটি হচ্ছে তীন ফল (ডুমুর)। তা অর্শ্ব রোগকে দুরিভুত করে এবং নুকরাস নামক রোগের জন্য উপকার করে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি সুয়ূতী “জামেউস সাগীর” গ্রন্থে ইবনুস সুন্নী এবং আবু নু’য়াইম-এর বর্ণনায় উল্লেখ করেছেন। দাইলামী তার “মুসনাদ” গ্রন্থে (৬/৪৭) আবূ যার (রাঃ) হতে বিনা সনদে উল্লেখ করেছেন। মানবী বলেনঃ তারা সকলে ইয়াহইয়া ইবনু আবী কাসীর-এর হাদীস হতে একজন নির্ভরযোগ্য ব্যক্তির মাধ্যমে আবু যার (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সনদটি দুর্বল, কারণ নামহীন এ নির্ভরযোগ্য ব্যক্তি কে তা জানা যায় না। এ জন্য ইবনুল কাইয়্যিম “যাদুল মায়াদ" গ্রন্থে (৩/২১৪) বলেছেনঃ এটি সাব্যস্ত হতে বিরূপ মন্তব্য আছে।

আমি (আলবানী) বলছিঃ আমার বেশীর ভাগ ধারণা এ হাদীসটি জাল। শাইখ আজলুনী “আল-কাশফ” গ্রন্থে (১/৪২৩) বলেনঃ ফাকিহা (ফল-মূল) সম্পর্কে যত হাদীস বর্ণিত হয়েছে সবই জাল (বানোয়াট)। সম্ভবত তিনি বুঝিয়েছেন ফযীলত সম্পর্কে যত হাদীস হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5426

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন